অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ মনিটরিং সেল

মনিটরিং সেল রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের আর্থিক সংশ্লেষ সম্পর্কিত বিষয়াদি যেমন: বাজেট প্রণয়ন ও মনিটরিং, রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান, স্ব-অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্পের বিপরীতে আর্থিক ছাড়পত্র প্রদান, ভর্তুকি, ঋণ/গ্যারান্টি, পুরস্কার/শাস্তি স্কীম পরীক্ষা, প্রতিষ্ঠানসমূহের মূলধন পুনর্বিন্যাস ইত্যাদি বিষয় সম্পর্কে সিদ্ধান্ত/মতামত প্রদান করে থাকে। ২০১৯-২০ অর্থবছরে মনিটরিং সেল কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপ:

রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের বাজেট

- অর্থ বিভাগের মনিটরিং সেল কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে ৪৯টি রাষ্টায়ত্ত প্রতিষ্ঠানের বাজেট পর্যালোচনা, বাজেট বই প্রকাশ করা হয়;
- ২০১৯-২০ অর্থবছরে মোট ৪৯টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বিপরীতে ২২,৮৬৯.১৩ কোটি টাকা সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ ধার্যপূর্বক বাজেট প্রণয়ন করা হয়।

নগদ সহায়তা প্রদান

মনিটরিং সেল বস্ত্রখাত, পাটজাত দ্রব্য, কৃষিপণ্য, চামড়াজাত দ্রব্য, জাহাজ, ফার্নিচার, সফটওয়ার, প্লাস্টিক, হালাল মাংস ইত্যাদি দ্রব্য রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান করে থাকে।

- ২০১৯-২০ অর্থবছর হতে বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে ২% হারে নগদ সহায়তা প্রদান;
- ২০১৯-২০ অর্থবছরে ৩৫টি খাতে নগদ সহায়তা প্রদান। খাতসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো:
    - বস্ত্রখাত, কৃষি ও প্রক্রিয়াজাত কৃষি পণ্য, পাটজাত দ্রব্য, চামড়াজাত দ্রব্য, জাহাজ, ফার্নিচার, হালাল মাংস, প্লাস্টিক ইত্যাদি।
- ২০১৯-২০ অর্থবছরে ১৫টি খাতে ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় নগদ সহায়তার হার বা অন্যান্য শর্তাদি পরিবর্তন করা হয়েছে। খাতসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো-
    - হালকা প্রকৌশল পণ্য, কাঁকড়া ও কুঁচে, বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্প, পেট বোতল ফ্লেক্স, প্রক্রিয়াজাত কৃষিপণ্য, সিনথেটিক ও ফেব্রিক্স এর মিশ্রণে তৈরি পাদুকা, ফার্মাসিউটিক্যালস পণ্য ইত্যাদি।
- ২০১৯-২০ অর্থবছর হতে নতুন ৩টি খাতে নগদ সহায়তা প্রদান। খাতসমূহ হলো-
    - বস্ত্রখাতে বিশেষ নগদ সহায়তা, কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল, হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য এবং চাল।
- নগদ সহায়তা সংক্রান্ত অন্যান্য কার্যাদি।

স্ব-অর্থায়ন প্রকল্পে আর্থিক ছাড়পত্র প্রদান

মনিটরিং সেল রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের নিজস্ব অর্থে বিনিয়োগ প্রকল্পে আর্থিক ছাড়পত্র/Liquidity Certificate প্রদান করে থাকে। ২০১৯-২০ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের অধীনে সংস্থার নিজস্ব অর্থে ২৩টি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে আর্থিক ছাড়পত্র/Liquidity Certificate প্রদান করা হয়। তন্মধ্যে-

- প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অনুকূলে ৩টি;
- নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও মোংলা বন্দর কর্তৃপক্ষের অনুকূলে যথাক্রমে ৩টি ও ১টি;
- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের অধীন অংগ প্রতিষ্ঠানের অনুকূলে ২টি, পেট্রোবাংলার অধীন কোম্পানিসমূহের অনুকূলে ৮টি;
- বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের অনুকূলে ৪টি;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বিটিআরসি এর অনুকূলে ১টি ও টেলিটক বাংলাদেশ লিমিটেড এর অনুকূলে ১টি।

ঋণ/গ্যারান্টি

- বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক রাষ্ট্রীয় চুক্তির আওতায় সার আমদানির লক্ষ্যে সোনালী এবং জনতা ব্যাংক হতে Loan against Trust Receipt (LTR) ঋণ গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়ের কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির বিষয়ে মতামত প্রদান।

ভর্তুকি

- কৃষি, কৃষি ভিত্তিক শিল্প ও সার আমদানির উপর ট্রেড গ্যাপ/ভর্তুকি প্রদান সংক্রান্ত কার্যাদি সম্পাদন;
- কৃষিভিত্তিক ও সেচ কার্যের পাম্পের ব্যবহৃত বিদ্যুৎ বিলে রেয়াত প্রদান সংক্রান্ত কাজ সম্পাদন।

অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যাবলী

- চট্টগ্রাম বন্দর ট্যারিফের Section-ii তে Car Carrier Charges নামে ২.১৫ নং আইটেম হিসেবে একটি নতুন ট্যারিফ আইটেম সংযোজনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান;
- শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিক্রিত ৩টি, প্রাইভেটাইজেশন কমিশন কতৃক বিক্রিত ১২টি, শ্রমিক-কর্মচারীদের ব্যবস্থাপনায় হস্তান্তরিত ৯টি এবং লিকুইডেশন সেলে ন্যস্তকৃত ৫টিসহ মোট ২৯টি বস্ত্রকলের দায়-দেনা (২৯টি বস্ত্রকলের নিকট বিটিএমসি'র পাওনা ১,২৮৪.৬০ কোটি টাকা) বিষয়ে অর্থ বিভাগের সিদ্ধান্ত প্রদান;
- বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত রিট পিটিশন নং ৫৭৫০/২০১৭ এর ইংরেজি দফাওয়ারী জবাব প্রদান;
- সিভিল রিভিউ পিটিশন নং-৩৬০/২০১৮ এর পরিপ্রেক্ষিতে ০৩/০১/২০১৯ তারিখের রায়/আদেশ মোতাবেক ভর্তুকির টাকা পরিশোধ;
- রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লি. এর অধীন বরাদ্দকৃত আইডিএ ক্রেডিট নং – ২২৬৩ এর আওতায় প্রাপ্ত ঋণের অর্থ ইক্যুইটিতে রূপান্তর;
- বিটিআরসি'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন "Preparatory Functions and Supervision in Launching a Communication and Broadcasting Satellite Project (1st Revised)" শীর্ষক প্রকল্পের ২০১৮-১৯ অর্থবছরের ব্যয় নির্বাহের বিষয়ে মতামত প্রদান;
- বঙ্গাবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপন উপলক্ষে বিটিআরসি ও HSBC France এর মধ্যে স্বাক্ষরিত ঋণ চুক্তির শর্ত মোতাবেক HSBC France কে বিভিন্ন প্রকার ফি (Commitment Fee, Agency Fee and Offshore

Security Fee এবং Legal Fee), Repayment (Principal + Interest) এবং Unutilized Amount এর উপর ৫% হারে Advanced Repayment (‘Echu’) বাবদ ১৪,৩০০ লক্ষ টাকা পরিশোধের জন্য বিটিআরসি’র ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে অতিরিক্ত বরাদ্দের বিষয়ে মতামত প্রদান;

- মহামান্য সুপ্রীম কোর্টের রায়ের প্রেক্ষিতে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অবসর গ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের গ্রাচ্যুটির (আনুতোষিক) অংশ সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের ন্যায় প্রণীত হিসাব অনুযায়ী অর্থ মন্ত্রণালয় হতে বিএসএফআইসি’র অনুকূলে ফান্ড বরাদ্দ ও ছাড়করণ;
- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ এর বাংলা ও ইংরেজি সংস্করণে অন্তর্ভুক্তির জন্য ফেব্রুয়ারী/১৯ পর্যন্ত তথ্যাদি/উপাত্ত হালনাগাদপূর্বক প্রেরণ;
- বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কর্মকর্তা/কর্মচারীদের ২০১৭-১৮ অর্থবছরের Key Performance Indicators (KPI) অর্জনের পরিপ্রেক্ষিতে ইনসেন্টিভ বোনাস প্রদান বিষয়ে মতামত প্রদান; এবং
- সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপিত বিসিআইসি ও বিএডিসি কর্তৃক সার আমদানি, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজউক, বিটিএমসি, সিএএবি, সিপিএ এর নির্মাণ ও নানাবিধ ক্রয়/বিক্রয়সহ বিভিন্ন চুক্তি সংক্রান্ত বিষয়ের উপর মতামত প্রদান।

বিবিধ

- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত “মিউজিয়াম ও মনুমেন্ট” শীর্ষক প্রকল্পের ডিপিপি’র ওপর মতামত প্রদান; এবং
- রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের বিবিধ বিষয়ের উপর মতামত প্রদান।